

স্মারক নং	৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮
বিষয়	১৫
তারিখ	১৫ ফেব্রুয়ারি ২০২১
স্বাক্ষর	
স্বাক্ষর	
স্বাক্ষর	
স্বাক্ষর	
স্বাক্ষর	
স্বাক্ষর	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 কারা-১ শাখা  
 সুরক্ষা সেবা বিভাগ  
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
 www.ssd.gov.bd



তারিখ: ২ ফাল্গুন ১৪২৭  
 ১৫ ফেব্রুয়ারি ২০২১

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮. ৭৫

বিষয়: বর্তমান করোনা পরিস্থিতিতে কারা বন্দিদের পরিবারের সাথে দেখা-সাক্ষাৎ চালুকরণের পদ্ধতি নির্ধারণ ও বিশেষ শ্রেণির বন্দিদের মোবাইল ফোনে কথা বলার ব্যাপারে বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণের জন্য সুপারিশমালা

সূত্র: কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১-৪১ তারিখ: ১৭.১.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বর্তমান করোনা পরিস্থিতিতে কারা বন্দিদের পরিবারের সাথে দেখা-সাক্ষাৎ চালুকরণের পদ্ধতি নির্ধারণ ও বিশেষ শ্রেণির বন্দিদের মোবাইল ফোনে কথা বলার ব্যাপারে বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণের জন্য কারা অধিদপ্তর কর্তৃক প্রণীত কতিপয় সুপারিশমালা সূত্রোক্ত স্মারকমূলে এ বিভাগে প্রেরণ করা হয়। এ সংক্রান্তে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কারাগারে বন্দির সাথে দেখা সাক্ষাৎ সংক্রান্তে কারা অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশমালার বিপরীতে মন্তব্য কলামে উল্লিখিত বিষয়াদি নির্দেশক্রমে অনুমোদন করা হলো;
- (খ) বন্দিদের সাথে দেখা সাক্ষাতের বিষয়টি আগামী ১.৩.২০২১ তারিখ হতে কার্যকর করা;
- (গ) দেখা সাক্ষাতের বিষয়টি CCTV এর মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা।

ক্র. নং.	কারা অধিদপ্তরের সুপারিশ	মন্তব্য
<b>দেখা সাক্ষাৎ সংক্রান্ত</b>		
১.	বন্দি, বন্দির স্বজন ও কারাগারে সার্বিক নিরাপত্তার কথা বিবেচনায় রেখে সীমিত পর্যায় সাক্ষাৎ চালু করণ।	সীমিত পরিসরে সাক্ষাৎ চালু করা।
২.	সাধারণ সাজাপ্রাপ্ত ও বিচারাধীন বন্দিদের মামলা পরিচালনা ও পরিবারের সাথে যোগাযোগ রক্ষাকল্পে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১৫ দিনে ১ বার সাক্ষাতের অনুমতি প্রদান করা।	১৫ দিনে ১ বার সাক্ষাতের অনুমতি প্রদান করা। সাক্ষাৎ কক্ষসমূহকে কারাগারের ভিতর এবং বাহির দিক থেকে Protection দিয়ে কমপক্ষে ৩ ফুট Social Distance Maintain করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যতীত দেখা সাক্ষাৎ এর সুযোগ দেয়া হলে কারাভ্যন্তরে Covid-19 সংক্রমণের সুযোগ থেকে যাবে। কোন ভাবে একজন বন্দিও যদি আক্রান্ত হয় তবে পুরো কারাগার risk এর আওতায় চলে আসবে।
৩.	জেএমবি, সন্ত্রাসী, রাষ্ট্রবিরোধী, দুর্ধর্ষ/দুঃস্বপ্ন অপরোধ, শীর্ষ সন্ত্রাসী, যুদ্ধাপরাধী ও মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিদের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতঃ একজন ডেপুটি জেলার ও পুলিশের বিশেষ শাখার প্রতিনিধিদের উপস্থিতিতে, সাক্ষাৎ প্রার্থীর জাতীয় পরিচয়পত্রসহ বন্দির সাথে সম্পর্ক নিশ্চিতপূর্বক ৩০ দিনে ১ বার যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সাক্ষাতের অনুমতি প্রদান করা।	শুধুমাত্র পরিবারের সদস্য (মা-বাবা, স্বশুর-স্বাশুড়ী, ভাই-বোন এবং স্বামী/স্ত্রী-সন্তান)-কে দেখা সাক্ষাতের সুযোগ প্রদান করা। নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হয়ে এ ব্যবস্থা কারাগারসমূহে আরম্ভ করা।

১৫ FEB 2021  
 পত্র ভার্সন নং: ৩০৬

৩: ৫: ৫: